যুগান্তর

তারিখ : 04 MAY 2015
পৃষ্ঠা ...৭... কলাম ...২...

# ভোলায় ছাত্রলীগের সম্মেলন ঘিরে সাজসাজ রব

## ঝুলে আছে আ'লীগ-যুবলীগের কমিটি

**অমিতাভ অপু**, *ভোলা থেকে*

ভোলায় গত বছরের ডিসেম্বরে জেলা আওয়ামী লীগের সম্মেলন হওয়ার কথা থাকলেও বার বার তারিখ পরিবর্তনে তা হয়নি। যুবলীগের সম্মেলনও এক যুগ ধরে ঝুলে আছে। তবে জেলার শীর্ষ নেতারা জানান, জেলা সম্মেলনের প্রস্তুতি হিসেবেই উপজেলা পর্যায়ে আওয়ামী লীগ ও যুবলীগের সম্মেলন শেষ হয়েছে। এদিকে জেলা ছাত্রলীগের সম্মেলন হচ্ছে ৯ এপ্রিল। ওই সম্মেলনে অতিথি হিসেবে আসছেন কেন্দ্রীয় আওয়ামী লীগ ও ছাত্রলীগের শীর্ষ নেতারা। সম্মেলনকে ঘিরে ভোলায় সাজসাজ রব।

পৌর মেয়র ও যুবলীগ আহ্বায়ক মোহাম্মদ মনিরুজ্জামানের সৌজন্যে অতিথিদের শুভেচ্ছা জানিয়ে শহরে কয়েকশ' ফেস্টুন টানানো হয়েছে। জেলা আওয়ামী লীগও ওই সম্মেলন সফল করতে ব্যস্ত সময় পার করছে। বসে নেই ছাত্রলীগ। এক ডজন নেতা শীর্ষ পদ পেতে জোর লবিং-তদবির চালাচ্ছেন। চলছে সম্মেলন সফল করার প্রস্তুতি হিসেবে মিছিল মিটিং। জেলা ছাত্রলীগের সভাপতি আবিদুল আলম জানান, বয়সের কারণে সম্মেলনে এবার তিনি প্রার্থী হতে পারছেন না। এ জন্য তার কোনো দুঃখ নেই। এদিকে সভাপতি সম্পাদক পদ পেতে যারা দলীয় নেতাকর্মী ও ডেলিগেটদের কাছে ছুটে বেড়াচ্ছেন এরা হচ্ছেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক ওমর ফারুক, কলেজ শাখার সভাপতি তৌয়বুর রহমান, বর্তমান কমিটির সম্পাদক আক্তার হোসেন, রিয়াজ মাহামুদ, বর্তমান কমিটির সহ-সভাপতি আরিফুর রহমান, মো. আশিক, আসিব মার্সাল, পাপন চৌধুরী, মো. সবুজ, মো. কুতুব। ২০১১ সালের এপ্রিলেই ছাত্রলীগের বর্তমান কমিটি অনুমোদন পায়। ২০১৩ সালে নতুন কমিটি হওয়ার কথা ছিল। সম্মেলনে প্রধান অতিথি থাকছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, অন্য অতিথিদের যাদের উপস্থিত থাকার কথা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আফম বাহাউদ্দিন নাসিম, বন ও পরিবেশ উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব, নুরুন্নবী চৌধুরী শাওন এমপি, আলী আজম মুকুল এমপি, কেন্দ্রীয় ছাত্রলীগ সভাপতি বদিউজ্জামান সোহাগ, সম্পাদক নাজমুল আলম, ঢাবি ছাত্রলীগের সম্পাদক ওমর শরীফ, জেলা আওয়ামী লীগ সভাপতি ফজলুল কাদের মজনু, সম্পাদক আবদুল মমিন টুলু প্রমুখ। এদিকে দলীয় সূত্রে জানা গেছে, ছাত্রলীগের সম্মেলনের পর পরই চূড়ান্ত হচ্ছে আওয়ামী লীগ ও যুবলীগের সম্মেলনের তারিখ।

গত বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহে জেলা আওয়ামী লীগের সম্মেলনের সম্ভাব্য তারিখ নির্ধারণ করে কেন্দ্রে চিঠি পাঠানো হয়েছিল বলে জানান আবদুল মমিন টুলু। এরপর ৫ মাসে সম্মেলনের তারিখ চূড়ান্ত হয়নি।